

ছিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

জিবিসিএসআরডি সার্কুলার নং: ০৮

সেপ্টেম্বর ০৮, ২০১৪

তারিখ: -----

ভাদ্র ২০, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

প্রত্যক্ষ পরিবেশবান্ধব অর্থায়ন (Direct Green Finance) এর বার্ষিক লক্ষ্যমাত্রা

পরিবেশ বান্ধব নৈতিমালা প্রসঙ্গে বিআরপিডি সার্কুলার নং-০২/২০১১, জিবিসিএসআরডি সার্কুলার নং-০৮/২০১৩ ও জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০৫/২০১৩ এবং পরিবেশ বান্ধব অর্থায়ন বিষয়ে জিবিসিএসআরডি সার্কুলার নং-০২/২০১৩, জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০১/২০১৪ ও ০২/২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

টেকসই ব্যাংকিং এর জন্য পরিবেশ বান্ধব অর্থায়নের কোন বিকল্প নেই এবং বাংলাদেশের মত জলবায়ু ও পরিবেশ বিপর্যয় সংকুল একটি দেশে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহের পরিবেশ বান্ধব অর্থায়নের মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা থাকা বাঞ্ছনীয়। জলবায়ু পরিবর্তনজনিত ঝুকির সাথে উপযোগী পরিবেশ রক্ষায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের বিদ্যমান প্রচেষ্টা আরও দ্রুত হারে বেগবান হওয়া প্রয়োজন এবং এর কার্যকরী কল্পায়নে কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনে একটি যৌক্তিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করা জরুরী। এ বিবেচনায় আগামী জানুয়ারী ২০১৫ হতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহের পরিবেশ বান্ধব খাতে অর্থায়নের জন্য তাদের মোট বার্ষিক ফান্ডেড খণ্ড/ বিনিয়োগ বিতরণের ন্যূনতম লক্ষ্যমাত্রা নির্ধারণ করার বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১. ক) ২০১৩ সালের পূর্বে তফসিলীভূক্ত ব্যাংকসমূহের জন্য এ লক্ষ্যমাত্রা ২০১৫ সালের জন্য তাদের বিতরণকৃত মোট ফান্ডেড খণ্ড/বিনিয়োগের ৫% এ নির্ধারণ করা হলো;
খ) ২০১৩ সালের পরবর্তী তফসিলিভূক্ত ব্যাংকসমূহের জন্য এ লক্ষ্যমাত্রা ২০১৫ সালের জন্য তাদের বিতরণকৃত মোট ফান্ডেড খণ্ড/ বিনিয়োগের ৩% এ নির্ধারণ করা হলো;
গ) আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য এ লক্ষ্যমাত্রা ২০১৫ সালের জন্য তাদের বিতরণকৃত মোট ফান্ডেড খণ্ড/ বিনিয়োগের ৪% এ নির্ধারণ করা হলো;
২. জানুয়ারী ২০১৬ হতে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য এ লক্ষ্যমাত্রা তাদের বিতরণকৃত মোট ফান্ডেড খণ্ড/ বিনিয়োগের ৫% এ নির্ধারণ করা হলো;
৩. কেবলমাত্র বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে চিহ্নিত/স্বীকৃত পরিবেশ বান্ধব পন্য/খাতে অর্থায়নের ক্ষেত্রে উপরোক্ত হার প্রযোজ্য ও গ্রহণযোগ্য বিবেচিত হবে;
৪. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ছিন ব্যাংকিং কার্যক্রমে কাংক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন তাদের CAMELS রেটিং এর মূল্যায়নে বিবেচিত হবে;
৫. প্রদত্ত লক্ষ্যমাত্রা পরিবীক্ষণের লক্ষ্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো কর্তৃক দাখিলব্য ছিন ব্যাংকিং কার্যক্রমের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের সাথে প্রত্যক্ষ পরিবেশ বান্ধব অর্থায়নের তথ্যাদি সংযুক্ত ছক অনুসারে অত্র বিভাগে দাখিল করতে হবে;
৬. কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান এ লক্ষ্যমাত্রা পূরণে ব্যর্থ হলে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৩ সালে সংশোধিত) ও আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ অনুসারে সেই ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের বিবরক্তে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুষ্ঠানপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার মোরশেদ মিল্লাত)

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)

ফোন : ৯৫৩০২৯২

ফ্যাক্স : ৯৫৩০৩২৭

ই-মেইল: morshed.millat@bb.org.bd